



সোনালী ব্যাংক পিএলসি. SONALI BANK PLC.

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণ গ্রহীতা/ ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ সিফাত টেলিকম এন্ড মোবাইল সার্ভিসিং সেন্টার, প্রোঃ মোঃ বোরহান, পিতা-মোঃ আব্দুল হাই, মাতা- দুখমেহের, ঠিকানাঃ হাতিরদিয়া বাজার, পোঃ হাতিরদিয়া, উপজেলা-মনোহরদী, জেলা-নরসিংদী।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২৮/০১/২০২৪ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৫,৮০,৩৮৪/- (পাঁচ লক্ষ আশি হাজার তিন শত চুরাশি টাকা) মাত্র এবং আদায়কালতক অনারপিত সুদ সহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদি সহ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতা গণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

০৫। বন্ধকদাতা ও বন্ধকীকৃত স্থাবর সম্পত্তির তফশীলঃ ঋণ গ্রহীতার পিতা-মোঃ আব্দুল হাই, জেলাঃ নরসিংদী; থানাঃ মনোহরদী, মৌজাঃ হাররদিয়া, জে এল নং- ১০৪ (আরএস), জোত নং-৯৩২।

খতিয়ান নং				দাগ নং		জমির পরিমান	জমির প্রকৃতি
সি এস	এস এ	আর এস	মিউটেশন	সিএস ও এস এ	আর এস		
১৭	১১	৮৯	৯০৫	৭৭৪, ৭৭৫	১৫৯৮	৩.১০ শতক	নাল
					১৬০০	২.৫০ শতক	
					১৬১৩	২.০০ শতক	
					১৬১১	১.১২ শতক	
মোট =						৮.৭২ শতক	

শর্তসমূহ :

০১। আগামী ০১/০১/২০২৪ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, নরসিংদী তে রক্ষিত দরপত্র বাঞ্ছ দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছ খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাইতে হইবে।


০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোটমূল্য অথবা গুদামেমজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্টম্যানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত হক্কে দেওয়া হইলঃ

	আর্নেস্টম্যানি/জামানতের পরিমাণ	অবশিষ্টমূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যেও ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্টমূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দরপত্র পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কে মালামাল / সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন





সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.

এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

- ০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/ তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
- ০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয়মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/ সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতা কে মালামাল হস্তান্তরের/ সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ০৮। ঋণ গ্রহীতা / ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর, ইত্যাদি বকেয়া থাকিলে তা নিলাম ক্রেতা কে বহন করিতে হইবে।
- ০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- ১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।


Md. Mostafizul Hossain Forazi
Principal Officer (Manager)
Sonal Bank Limited
Hatirdia Bazar Branch, Narsingdi

বিশ্বস্ত ও স্মার্ট।
Credible and Smart.

হাতিরদিয়া বাজার শাখা, নরসিংদী
Hatirdia Bazar Br., Narsingdi

মোবাইল : ০১৭০৮১২৮৯৮৪
Email : brhatirdiabazar@sonalibank.com.bd